দৈনিক বাংলা
20
তারিখ ... 04 FEB 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...
৩৮

২২ জন গ্রেফতার

# গাজীপুরে পুলিশ পাহারায় যানবাহন চলাচল শুরু

।। নিজস্ব সংবাদদাতা ।।

টঙ্গী, ৭ই ফেব্রুয়ারী।— ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর সর্বদলীয় প্রতিরোধ কমিটি আহূত গাজীপুরে অনির্দিষ্ট কালের হরতাল ও অবরোধ পুলিশ আজ বানচাল করে দিয়েছে। আজ রাত

(শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## গাজীপুরে পুলিশ

(প্রথম পৃঃ পর)

থেকে ঢাকা ময়মনসিংহ মহা সড়কে পলিশ প্রহরায় যানবাহন চলাচল শুরু হয়েছে।

সকাল ৮টায় গাজীপুর পলিশ সুপারের নেতৃত্বে আমর্ড পুলিশ বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে আকস্মিক অভিযান চালায়। ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুরে রাখার পক্ষে আন্দোলনরত ৪জন ছাত্র নেতাসহ ২২ ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করে। ৭ জনকে ছেড়ে দেয়া হয়। জয়দেবপুর হাজতে আটককৃত ১২ জন ছাত্র ও ৩ জন এলাকাবাসী। এরা হলো শহীদুল ইসলাম, শাহজাহান আলম সাজু, আশরাফুর রহমান, গোলাম মহিউদ্দিন, তকিউদ্দিন, আফতাবুর রহমান খান, ইয়াকুব আলী, হাসনাত আলী, আলী আশরাফ খান, এস এম বেলায়েত হোসেন, নাহিম, সিবলী আল ফারুক, কাজী সফিউদ্দিন, বাচ্চু মিয়া ও কালু হোসেন।

ধরপাকড় অব্যাহত রয়েছে। প্রায় হাজার খানেক পুলিশ বিশ্ববিদ্যালয় এলাকাটি ঘিরে রেখেছে। দুপুরে ঢাকা–ময়মনসিংহ মহা সড়কের ব্যারিকেডগুলো পুলিশ সরিয়ে ফেলে। বিকাল পর্যন্ত টঙ্গী–গাজীপুর সড়কে পুলিশ প্রহরায় দু' একটি যানবাহন চললেও বিক্ষুব্ধ জনতা সুযোগ বুঝে যানবাহনে ইটপাটকেল নিক্ষেপ করে ভাঙচুর চালায়। পুলিশ জনতাকে ধাওয়া করে। পলিশী তৎপতার বিরুদ্ধে এলাকাবাসী নিরাপদ দুরত্ব থেকে বিক্ষোভ মিছিল করে। আটককৃতদের পলিশ প্রহার করে বলে অভিযোগ করা হয়েছে। এতে একজনের মাথা কেটে যায়। বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী এলাকায় উত্তেজনা বিরাজ করছে। পুলিশ মহাসড়কের বোর্ড বাজার থেকে জয়দেবপুর চৌরাস্তা পর্যন্ত টহল দিচ্ছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও প্রচুর পুলিশ মোতায়েন রয়েছে। শান্তি–শৃংখলা রক্ষায় মাইকযোগে গাজীপুর পুলিশ সুপারের গাড়ী থেকে রাস্তার পার্শ্বের লোকজনকে দূরে সরে যাবার নির্দেশ দেয়। টাঙ্গাইল, ময়মনসিংহ ও উত্তরা থেকেও প্রচুর পুলিশ আনা হচ্ছে। পুলিশের ডি আই জি আঃ খালেক ঘটনাস্থলে এসেছেন।

এদিকে গাজীপুরস্থ ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর সর্বদলীয় প্রতিরোধ কমিটির আহবায়ক আওয়ামী লীগ গাজীপুর সেক্রেটারী গাজীপুর পৌর সভার চেয়ারম্যান আ ক ম মোজাম্মেল হক। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পলিশী অভিযানের নিন্দা করেছেন। তিনি অবিলম্বে আটককৃতদের নিঃশর্ত মুক্তির দাবী জানান।

বিশ্ববিদ্যালয়ে পুলিশী অভিযান কালে অন্যান্যের মধ্যে ছিলেন, গাজীপুর ম্যাজিস্ট্রেট, সহকারী পুলিশ সুপার ও অতিরিক্ত জেলা প্রশাসক।